

ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯

(১৯৮৯ সনের ২৪ নং আইন)

[৩১ মে, ১৯৮৯]

ভূমি আপীল বোর্ড গঠনের জন্য বিধান করার উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু ভূমি আপীল বোর্ড গঠনের জন্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন	১। (১) এই আইন ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯ নামে অভিহিত হইবে। (২) ইহা ২রা চৈত্র, ১৩৯৫ মোতাবেক ১৬ই মার্চ, ১৯৮৯ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।
সংজ্ঞা	২। এই আইনে “বোর্ড” বলিতে ভূমি আপীল বোর্ডকে বুঝাইবে।
আইনের প্রাধান্য	৩। আপাততঃ বলবৎ অন্য কোন আইনে বিপরীত যাহা কিছুই থাকুক না কেন, এই আইন ও তদধীন প্রণীত বিধির বিধানাবলী কার্যকর থাকিবে।
ভূমি আপীল বোর্ড গঠন	৪। (১) এই আইন বলবৎ হইবার পর সরকার, যথাশীঘ্র সম্ভব, ভূমি আপীল বোর্ড নামে একটি বোর্ড গঠন করিবে। (২) একজন চেয়ারম্যান এবং অনধিক দুইজন সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে। (৩) বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাঁহাদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।
বোর্ডের এখতিয়ার	৫। বোর্ড উহার উপর সরকার কর্তৃক অথবা কোন আইনের দ্বারা কিংবা আইনের অধীন অর্পিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবে।
পুনর্বিবেচনা	৬। (১) বোর্ডের কোন আদেশের দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি আদেশটি ষাট দিনের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য বোর্ডের নিকট বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে

আবেদন করিতে পারিবেন।

(২) বোর্ডের বিবেচনায় সংগত কোন মনে হইলে আবেদনকারীর প্রার্থনার পরিপ্রেক্ষিতে বোর্ড উহার সিদ্ধান্তের বাস্তবায়ন উপ-ধারা (১) এর অধীন পেশকৃত আবেদনটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত রাখিতে পারিবে।

বিধি প্রণয়নের
ক্ষমতা

৭। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

রহিতকরণ ও
হেফাজত

৮। (১) Board of Land Administration Act, 1980 (XIII of 1981) এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত রহিতকরণের তারিখে রহিত Act এর অধীন গঠিত ভূমি প্রশাসন বোর্ডের নিকট কোন বিষয় অনিষ্পন্ন থাকিলে উহা, অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, সরকারের নিকট হস্তান্তরিত হইবে এবং সরকার হয় নিজেই উহা নিষ্পত্তি করিবে নতুবা নিষ্পত্তির জন্য উহা ভূমি সংস্কার বোর্ড বা ভূমি আপীল বোর্ডের নিকট প্রেরণ করিবে এবং যে বোর্ডের নিকট বিষয়টি প্রেরিত হইবে সেই বোর্ডই উহা নিষ্পত্তি করিবে।

(৩) ভূমি আপীল বোর্ড অধ্যাদেশ, ১৯৮৯ (অধ্যাদেশ নং ২, ১৯৮৯) এতদ্বারা রহিত করা হইল।

(৪) উপ-ধারা (৩) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

^১ ধারা ৬ ভূমি আপীল বোর্ড (সংশোধন) আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৩০ নং আইন) এর ২ ধারা কর্তৃক প্রতিস্থাপিত